**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 06-10-2023**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**CM-Agar :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যে আগর শিল্পের প্রসার ও তার বিকাশে সরকার বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করে কাজ করছে। ফলে রাজ্যে আগরকে ভিত্তি করে ব্যবসা ও বাণিজ্য সম্প্রসারণের বিশাল সম্ভাবনা তৈরি হয়েছে। গতকাল আগরতলার এক হোটেল তিনদিনব্যাপী তৃতীয় আন্তর্জাতিক আগরভিত্তিক ক্রেতা বিক্রেতা সম্মেলনের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী একথা বলেন।

তিনি বলেন, বর্তমান রাজ্য সরকার আগরচাষী সহ ব্যবসায়ীদের সুবিধার্থে আগর উড পলিসি প্রণয়ন করেছে। এই পলিসি বাস্তবায়নের কাজও ইতিমধ্যে শুরু হয়েছে। রাজ্যের আগরচাষীদের দক্ষ করে তোলার জন্য কেন্দ্রীয় স্কিল ডেভেলপমেন্ট কাউন্সিলের সঙ্গে টাইআপ করা হয়েছে। তাছাড়া রাজ্যে আগর উড বোর্ড স্থাপনের জন্যও রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের নিকট অনুরোধ জানানো হয়েছে।

সম্মেলনে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন মুখ্যসচিব জে. কে. সিনহা, অতিরিক্ত প্রধান মুখ্য বন সংরক্ষক প্রবীন আগরওয়াল প্রমুখ।

**********************

**PM, Jodhpur :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল রাজস্থানের যোধপুরে বিভিন্ন ক্ষেত্রে পাঁচ হাজার কোটি টাকার একাধিক উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং দেশকে উৎসর্গ করেছেন।

প্রধানমন্ত্রী যোধপুরের অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেসে ৩৫০শয্যার ট্রমা সেন্টার এবং ক্রিটিক্যাল কেয়ার হসপিটাল ব্লক, সাতটি ক্রিটিক্যাল কেয়ার ব্লকের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। তিনি যোধপুর বিমানবন্দরে ৪৮০কোটি টাকা মূল্যের অত্যাধুনিক নতুন টার্মিনাল ভবনের উন্নয়ন কাজের ভিত্তিপ্রস্তরও স্থাপন করেন।

তিনি আইআইটি যোধপুর ক্যাম্পাস এবং রাজস্থান কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের উন্নত পরিকাঠামো দেশকে উৎসর্গ করেছেন।

তিনি একাধিক সড়ক উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন এবং দুটি রেল প্রকল্প উৎসর্গ করেছেন। প্রধানমন্ত্রী রাজস্থানে একটি নতুন ট্রেন সহ দুটি নতুন ট্রেন পরিষেবার সূচনা করেছেন।

প্রধানমন্ত্রী গতকাল মধ্যপদেশেরও ১২ হাজার ৬০০ কোটি টাকার বেশ কিসু প্রকল্পেরও শিলান্যাস ও উদ্বোধন করেন।

******************************

**Union Ayushh Minister Homeo :**

কেন্দ্রীয় আয়ুষ প্রতিমন্ত্রী ডঃ মুঞ্জপাড়া মহেন্দ্রভাই বলেছেন, সরকার সাধারণ মানুষের সুবিধার জন্য হাসপাতালগুলিতে হোমিওপ্যাথি চিকিৎসার দিকে আরও বেশি গুরুত্ব দিচ্ছে। কেন্দ্রীয় আয়ুষ প্রতিমন্ত্রী ডঃ মহেন্দ্রভাই গতকাল কলকাতায় সেন্ট্রাল কাউন্সিল ফর রিসার্চ ইন হোমিওপ্যাথির একটি আঞ্চলিক

সম্মেলনের উদ্বোধন করে একথা বলেন। তিনি বলেন, দেশের প্রতিটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, জেলা হাসপাতাল এবং এইমস-এ হোমিওপ্যাথি চিকিৎসা পরিষেবা পাওয়া যায়।

*****************************

**Neermahal Festival :**

মেলাঘরের রাজঘাটে আজ থেকে ঐতিহ্যবাহী নীরমহল জল উৎসব শুরু হচ্ছে। পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী বিকেল ৪টায় রুদ্রসাগরের পাড়ে রাজঘাটের মুক্তমঞ্চে ৩দিন ব্যাপী এই উৎসবের সূচনা করবেন। নৌকা বাইচ প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য জলজীবী অংশের মানুষেরা তাদের নৌকাগুলি সারাই করার কাজে ব্যস্ত। মেলা কমিটির চেয়ারম্যান বিধায়ক কিশোর বর্মন জানিয়েছেন প্রতিবছরের মতো প্রতিদিন সন্ধ্যায় রাজ্যের খ্যাতনামা শিল্পীদের পরিবেশিত সাংস্কৃতিক অনুষ্ঠান ছাড়াও থাকবে মনসামঙ্গল, দূরপাল্লার সাঁতার ও বিভিন্ন বিভাগের নৌকা বাইচ প্রতিযোগিতা। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা উৎসবের শেষদিন নৌকা বাইচ প্রতিযোগিতার উদ্বোধন করবেন।

***************************

**JJM in State :**

জল জীবন মিশনে রাজ্যের গ্রামীণ এলাকায় এখন পর্যন্ত ৫ লক্ষ ১৫ হাজার ২৫০টি বাড়িতে পাইপ লাইনে পানীয় জলের সংযোগ পৌঁছে দেওয়া হয়েছে। এই মিশনে রাজ্যের গ্রামীণ এলাকায় গত পয়লা সেপ্টেম্বর থেকে ২৪শে সেপ্টেম্বর পর্যন্ত ৮ হাজার ৫২৪টি বাড়িতে পাইপ লাইনে পানীয় জলের সংযোগ দেওয়া হয়েছে।

পানীয় জল ও স্বাস্থ্যবিধান দপ্তর থেকে এ সংবাদ জানানো হয়েছে।

********************

**Meyor Deepak Majumder :**

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার জানিয়েছেন, আসন্ন শারদ উৎসব উপলক্ষে আগরতলা পুর এলাকায় বেআইনি হকার উচ্ছেদ অভিযান যে শুরু হয়েছিল তা, স্থগিত রাখা হয়েছে। আকাশবাণীর প্রতিনিধিকে গতকাল তিনি জানান, সংশ্লিষ্ট সকলের সঙ্গে আলোচনাক্রমে দীপাবলী উৎসবের পর এ বিষয়ে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।

*****************************

**Sikim :**

ভয়াবহ প্রাকৃতিক বিপর্যয়ের মুখে উত্তর সিকিম। গত বুধবারের মেঘভাঙা বৃষ্টি ও আকস্মিক বন্যায় এখন পর্যন্ত অন্তত ১৮ জনের মৃত্যু হয়েছে। আহত হয়েছে ২৬ জন। সরকারি সূত্রে জানা গেছে, এখনও সেনা জওয়ান-সহ অন্তত ৯৮ জন নিখোঁজ রয়েছেন।

সিকিম থেকে আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন তিস্তায় হড়পা বানের জেরে মারাত্মক ভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে পাকিয়ং, গ্যাংটক, নামচি এবং মঙ্গন জেলা। ভেসে গিয়েছে বহু সেতু। জলমগ্ন বাড়িঘর, রাস্তাঘাট, সেনাছাউনি। আগামী ৮ অক্টোবর পর্যন্ত

পাকিয়ং, গ্যাংটক, নামচি এবং মঙ্গনের সমস্ত স্কুল বন্ধ করে দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

উদ্ধার ও পুনরুদ্ধার প্রচেষ্টায় রাজ্যকে সহায়তা করার জন্য সেনাবাহিনী ও বিমান বাহিনীর পর্যাপ্ত সংখ্যক দল এবং সামগ্রী মজুত করা হচ্ছে।

*********************

**BJP Chief Minister :**

তেলিয়ামুড়া টাউনহলে গতকাল খোয়াই জেলা ভিত্তিক ভারতীয় জনতা পার্টির এক সাংগঠনিক সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধানবক্তার ভাষণে বিজেপি নেতা ও মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেন, ভারতীয় জনতা পার্টির অন্যতম লক্ষ্য হল মানুষের সেবা করা। তিনি বলেন, সেবাই সংগঠন। মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও মহিলাদের স্বশক্তিকরণে খুবই আন্তরিক। কল্যাণপুর, তেলিয়ামুড়া এবং কৃষ্ণপুর বিধানসভা কেন্দ্রের বিজেপির দলীয় কার্যকর্তা ও কর্মীদের নিয়ে এই সাংগঠনিক সভার আয়োজন করা হয়।

******************************

**Farmer Workshop :**

খোয়াই জেলার চেবরীস্থিত দিব্যোদয় কৃষিবিজ্ঞান কেন্দ্রে গতকাল কৃষকদের নিয়ে এক কর্মশালা অনুষ্ঠিত হয়। এই কর্মশালায় কৃষকরা কিভাবে স্বল্প ব্যয়ে মেশিনের সাহায্যে তিল, সরিষা এবং বাদাম তেল সংগ্রহ করতে পারেন তা হাতে কলমে প্রশিক্ষণ দেওয়া হয়। কৃষি কলেজের সহকারী অধ্যাপক ড: নীলাদ্রি পাল,

দিব্যোদয় কৃষিবিজ্ঞান কেন্দ্রে মুখ্য বিজ্ঞানী মনোজ সিং সাচান এই কর্মশালায় বক্তব্য রাখেন।

**************************

**Super League :**

টিএফএ পরিচালিত ঘরোয়া প্রথম ডিভিশন ফুটবল প্রতিযোগিতার সুপার ফোরের তৃতীয় খেলায় আজ রামকৃষ্ণ ক্লাব ও ফরোয়ার্ড ক্লাব পরস্পরের মুখোমুখি হবে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকাল তিনটায় এই ম্যাচটি হবে।

**************************

**Weather :**

বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপের প্রভাবে ত্রিপুরাতেও বৃষ্টি হচ্ছে। আবহাওয়া দপ্তর থেকে জানানো হয়, গাঙ্গেয় পশ্চিমবঙ্গ, উত্তর পূর্বাঞ্চলে নিম্নচাপ আরও ঘণীভূত হয়েছে। এর প্রভাবে ত্রিপুরার সব কয়টি জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হচ্ছে। আগরতলা ও তার আশেপাশে গতকাল থেকে আজ ভোর পর্যন্ত বৃষ্টি হয়েছে ৩০ মিলিমিটার। আজও রাজ্যের সব জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এছাড়া পশ্চিম জেলা, খোয়াই জেলা, উনকোটি জেলা ও উত্তর জেলার কোথাও কোথাও ভারি বৃষ্টিপাতের সতর্কবার্তা দেওয়া হয়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৮ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩০ ডিগ্রির কাছাকাছি।

**************************